**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল পোলিও সমাধানে এবং কাউন্টি স্বাস্থ্য বিভাগের সমর্থন বৃদ্ধির ক্ষেত্রে আরো পদক্ষেপ ঘোষণা করলেন

***নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার পোলিওভাইরাসকে 'জনস্বাস্থ্যের প্রতি একটি আসন্ন ঝুঁকি' ঘোষণা করেছেন স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলির টিকা প্রচেষ্টার সংস্থান সম্প্রসারণ করার জন্য***

***স্বাস্থ্য বিভাগ সম্ভাব্য বিস্তার পর্যবেক্ষণ করে যাচ্ছে এবং স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তা ও সম্প্রদায়ের অংশীদারদের সাথে শৈশবের টিকা গ্রহণের হার বৃদ্ধি করতে কাজ করে যাচ্ছে***

***কমিশনারের ঘোষণার চিঠিটি পড়ুন***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটে ছড়িয়ে পড়তে থাকা পোলিওভাইরাসের প্রমাণ দেখার পর নিউ ইয়র্ক স্টেট কী অতিরিক্ত পদক্ষেপ গ্রহণ করছে, যার মধ্যে রয়েছে টিকাদান বৃদ্ধি করার জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিকে আরো সমর্থন প্রদান করতে একটি আনুষ্ঠানিক ঘোষণা। এর আগে আজকে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট পোলিওভাইরাসকে নিউ ইয়র্ক স্টেটের জনস্বাস্থ্যের প্রতি একটি আসন্ন ঝুঁকি হিসেবে ঘোষণা করেছেন, এর ফলে স্থানীয় স্বাস্থ্য বিভাগসমূহকে টিকাদান ক্লিনিক স্থাপন, স্বাস্থ্যসেবা প্রদানকারী অংশীদারদের টিকা প্রদান, এবং টিকা গ্রহণ করেনি এমন বা কম টিকা গ্রহণ করেছে এমন নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে ভাইরাস দ্বারা প্রভাবিত এলাকাসমূহে এবং শিশুদের মধ্যে টিকাদানের হার বৃদ্ধি করতে আউটরিচের ব্যবস্থা করার জন্য তহবিল ও সংস্থানের উপলভ্যতা বিস্তৃত হয়েছে।

"প্রথম দিন থেকেই আমরা পোলিওর বিস্তার ঠেকাতে এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখা নিশ্চিত করতে একটি আগ্রাসী জনস্বাস্থ্য পন্থা অবলম্বন করেছি," **গভর্নর হোকল বলেন।** "এই ঘোষণাটি নিউ ইয়র্কবাসীদের পক্ষাঘাত সৃষ্টিকারী ব্যাধি থেকে সুরক্ষা প্রদান করতে, বিস্তার প্রতিরোধ করতে এবং আমাদের জনস্বাস্থ্য অংশীদারদের সমর্থন করতে আমাদের চলমান প্রচেষ্টাসমূহকে আরো বলীয়ান করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন,** "প্রতিদিন স্থানীয় কাউন্টি স্বাস্থ্য বিভাগসমূহ, সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল ও প্রিভেনশনের (Centers for Disease Control and Prevention, CDC) আমাদের অংশীদারগণ, এবং বিশ্বস্ত নেতৃবৃন্দের সাথে কাজ করে বিভাগ যেসব কাউন্টিতে ভাইরাস সনাক্ত হয়েছে সেখানে শৈশবের এবং সম্প্রদায়ের টিকা গ্রহণের হার বৃদ্ধি করতে কার্যকরভাবে কাজ করছে। দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠিত স্কুলের টিকা গ্রহণ আবশ্যিকতার কল্যাণে, প্রাপ্তবয়স্কদের অধিকাংশ এবং বেশিরভাগ শিশু পোলিওর বিরুদ্ধে সম্পূর্ণ টিকা গ্রহণ করেছে। আমাদের মনোযোগ এখনো কমবয়সী শিশুদের মধ্যে সময়মতো পোলিও টিকা প্রদান নিশ্চিত করা এবং প্রভাবিত এলাকাসমূহতে টিকা গ্রহণ করেনি বা কম টিকা গ্রহণ করেছে এমন শিশু ও প্রাপ্তবয়স্কদের টিকার অবস্থা হালনাগাদ করা। কাজ পুরোদমে চলছে।"

ঘোষণাটি স্থানীয়দের স্টেটের স্বাস্থ্য বিভাগের জনস্বাস্থ্য অনুশীলন অফিসের (Office of Public Health Practice) সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে দেয় যাতে তারা এইসব জনস্বাস্থ্য কর্মকাণ্ডের জন্য প্রতিদান দাবি করতে পারে। 21 জুলাই থেকে 31 ডিসেম্বর পর্যন্ত গৃহীত পোলিওভাইরাস সাড়াদান কর্মকাণ্ড কমিশনারের ঘোষণাটির আওতাধীন।

স্টেটের স্বাস্থ্য বিভাগের সাথে কাজ করে, স্থানীয় স্বাস্থ্য বিভাগসমূহ নিউ ইয়র্ক স্টেটে পোলিওর বিরুদ্ধে সক্রিয়ভাবে সাড়াদান করছে বর্জ্যপানি পর্যবেক্ষণ, ক্লিনিক্যাল সার্ভেইলেন্স, এবং টিকা গ্রহণ করেনি বা কম টিকা গ্রহণ করেছে যেন নিউ ইয়র্কবাসীদের টিকাদান করার মাধ্যমে। এই বিভাগগুলি এছাড়া যেসব সম্প্রদায়ে ভাইরাস সনাক্ত হয়েছে সেখানে শিক্ষা ও আউটরিচ চালাচ্ছে যাতে মানুষকে, বিশেষ করে কম বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদেরকে আরো বেশি সচেতন ও টিকা গ্রহণে উৎসাহিত করা যায়।

রকল্যান্ড কাউন্টিতে একজন টিকা গ্রহণ করেনি এমন মানুষের মধ্যে পক্ষাঘাতগ্রস্ত পোলিও সনাক্ত করার পর, স্টেটের স্বাস্থ্য বিভাগ বর্জ্যপানির সার্ভেইলেন্স শুরু করে, এটি সম্প্রদায়ের সিউয়েজ পানিতে ভাইরাসের লক্ষণ পরীক্ষা করার একটি ব্যবস্থা। এরপর সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল ও প্রিভেনশনের সিকোয়েন্স বিশ্লেষণ রকল্যান্ড কাউন্টি, অরেঞ্জ কাউন্টি, এবং সালিভ্যান কাউন্টি থেকে সংগৃহীত নমুনায়, এবং একইসাথে নিউ ইয়র্ক সিটি ও নাসাউ কাউন্টি থেকে সংগৃহীত নমুনায় বারবার পোলিওভাইরাসের প্রমাণ পেয়েছে।

নিউ ইয়র্ক স্টেট বেশি মনোযোগ দিচ্ছে এমন এলাকায় যেখানে ঝুঁকির ঘনত্ব বেশি, যার মধ্যে রয়েছে যেখানে বারবার সনাক্ত হয়েছে এবং যেখানে 2 বছরের পূর্বে তাদের তিনটি পোলিও ডোজের স্বাস্থ্যবিধি পূরণ করেছে এমন শিশুদের হার অপেক্ষাকৃত কম। এইসব এলাকার মধ্যে রকল্যান্ড, অরেঞ্জ ও সালিভ্যান কাউন্টি রয়েছে।

এর আগে এই মাসে গভর্নর হোকল একটি স্টেট দুর্যোগ জরুরি অবস্থা (State Disaster Emergency) ঘোষণা করেন সম্ভাব্য যেকোনো বিস্তার এবং জনস্বাস্থ্যের প্রতি ঝুঁকি আগ্রাসীভাবে সামাল দেওয়ার জন্য। ঘোষণাটি নিউ ইয়র্কবাসীকে পক্ষাঘাত সংক্রান্ত ব্যাধি থেকে রাখা করার জন্য সংস্থানের উপলভ্যতা বৃদ্ধি করেছে।

এর পূর্বে, গভর্নর হোকল একটি নির্বাহী আদেশ জারি করেছেন, যা পোলিও টিকা প্রদানকারীদের নেটওয়ার্ক অবিলম্বে বিস্তৃত করেছে জরুরি মেডিকেল সেবা কর্মী, ধাত্রী, এবং ফার্মাসিস্টদের টিকা প্রদান করার অনুমতি দিয়ে এবং চিকিৎসক ও সনদপ্রাপ্ত নার্স অনুশীলনকারীদের পোলিও টিকার জন্য নন-পেশেন্ট ভিত্তিক স্থায়ী আদেশ প্রদান করার অনুমোদন দিয়ে। জুলাই মাসে জারি করা নির্বাহী আদেশটি এছাড়া স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য নিউ ওয়ার্ক স্টেটের টিকাদান তথ্য ব্যবস্থার (New York State Immunization Information System) মাধ্যমে স্টেটের স্বাস্থ্য বিভাগকে পোলিও টিকাদানের ডেটা পাঠানো আবশ্যিক করে, যা এজেন্সি ও স্থানীয় স্বাস্থ্য বিভাগসমূহকে যেখানে সবথেকে বেশি প্রয়োজন সেখানে টিকা কর্মকাণ্ডের মনোযোগ বেশি দিতে দেয় এবং সম্প্রদায়সমূহে পোলিওর বিরুদ্ধে সুরক্ষার ব্যাপারে উপলব্ধির জন্য আরেকটি ডেটাপয়েন্ট প্রদান করে।

পোলিও টিকা অনেক দিন ধরেই সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের টিকাদান অনুশীলনের উপদেষ্টা কমিটির (Advisory Committee on Immunization Practices) নিউ ইয়র্ক স্টেটে স্কুলে যাওয়ার জন্য আবশ্যিক সুপারিশকৃত টিকাদান সময়সূচির অংশ হয়ে আছে। নিউ ইয়র্ক স্টেটের বহু প্রাপ্তবয়স্ক এবং অনেক শিশু ইতিমধ্যে টিকা গ্রহণ করেছে।

পোলিও টিকা টেকসই সুরক্ষা প্রদান করে, এবং নিষ্ক্রিয় পোলিও টিকা, যা মার্কিন যুক্তরাষ্ট্রে উপলভ্য একমাত্র টিকা, যা সকল সুপারিশকৃত ডোজ গ্রহণ করা 99 থেকে 100 শতাংশ মানুষকে ব্যাধি থেকে সুরক্ষা প্রদান করে।21 জুলাই থেকে 25 সেপ্টেম্বর পর্যন্ত, আনুমানিক 26,000 ডোজ পোলিও টিকা প্রদান করা হয়েছে রকল্যান্ড, অরেঞ্জ, সালিভ্যান এবং নাসাউ কাউন্টি সমূহের 18 বছর বা তার কমবয়সী শিশুদেরকে, এটি 2021 সালের একই সময়কালের তুলনায় 26 শতাংশ বেশি।

17 বছর বা তার কমবয়সী শিশুদের যারা টিকা গ্রহণ করেনি বা যাদের পোলিও টিকার বর্তমান সময় পর্যন্ত প্রযোজ্য সকল ডোজ দেওয়া নেই তাদের পিতামাতা ও অভিভাবকের উচিত অবিলম্বে তাদের সন্তানদের সকল সুপারিশকৃত টিকা ডোজ গ্রহণ নিশ্চিত করা। এটি বিশেষভাবে জরুরি যদি তারা এমন সম্প্রদায়ে বাস, কাজ, স্কুলে যাওয়া বা ঘনঘন সামাজিক মেলামেশা করে থাকে যেখানকার বর্জ্যপানিতে বারবার পোলিওভাইরাস সনাক্ত করা হয়েছে, যার মধ্যে আছে রকল্যান্ড, অরেঞ্জ, এবং সালিভ্যান কাউন্টি।

টিকা গ্রহণ না করা বা কম টিকা গ্রহণ করা নিউ ইয়র্কবাসীরা যারা বারবার পোলিওভাইরাস সনাক্ত করা হয়েছে এমন এলাকায় বাস করে বা কাজ করে এবং সংস্পর্শে আসার বর্ধিত ঝুঁকির মধ্যে আছে তাদের উচিত সুপারিশ করা সকল ডোজ গ্রহণ করা।

এইসব এলাকার বাইরের নিউ ইয়র্কের প্রাপ্তবয়স্করা যারা এখনো টিকা গ্রহণ করেননি, নিজেদের টিকার অবস্থা নিয়ে নিশ্চিত নন, বা বর্তমান সময় পর্যন্ত প্রযোজ্য সব টিকা গ্রহণের করেননি, তাদের উচিত একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে পরামর্শ করা। যদি টিকা সুপারিশ করা হয় এবং প্রদানকারীর কাছে ডোজ না থাকে, তাহলে নিউ ইয়র্কবাসীর উচিত তাদের স্থানীয় স্বাস্থ্য বিভাগে যোগাযোগ করা।

পোলিও একটি মারাত্মক, জীবন ঝুঁকিগ্রস্ত করার মতো ব্যাধি যা স্নায়বিক ব্যবস্থাকে প্রভাবিত করে এবং পেশির দুর্বলতা, পক্ষাঘাত বা মৃত্যুর কারণ হতে পারে। পোলিও খুবই সংক্রামক এবং এটি অসুস্থ বোধ করছে না বা লক্ষণ প্রদর্শন করছে না এমন কারো মাধ্যমেও বিস্তার লাভ করতে পারে, এর ফলে হালকা ফ্লুয়ের মতো লক্ষণ থেকে শুরু করে পক্ষাঘাত, স্থায়ীভাবে প্রতিবন্ধী হওয়া এবং মৃত্যু পর্যন্ত হতে পারে।

পোলিও, পোলিও টিকাদান, কাউন্টি, জিপ কোড অনুযায়ী 2 বছরের মধ্যে শিশুদের পোলিও টিকাদানের হার সম্পর্কে আরো জানতে এবং সাম্প্রতিক বর্জ্যপানির নজরদারির ফলাফল সম্পর্কে আরো জানুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418